



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮

২৮ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখ: -----

১১ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## ব্যাংক-কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীগণের বহিঃবাংলাদেশ ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ তারিখ: ২২ মে ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭ তারিখ: ২৩ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬/২০২২ এর মাধ্যমে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণসহ প্রশিক্ষণ/সভা/সেমিনার/ওয়ার্কশপ/স্টাডি ট্যুরে অংশগ্রহণের জন্য বহিঃবাংলাদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭/২০২২ এর মাধ্যমে ইতিপূর্বে বহিঃবাংলাদেশ ভ্রমণে আরোপিত নিষেধাজ্ঞা কতিপয় ক্ষেত্রে শিথিল করা হয়।
- ৩। এখন এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ব্যাংক-কোম্পানীর অর্থায়নে প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/স্টাডি ট্যুরে অংশগ্রহণের জন্য ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের বহিঃবাংলাদেশ ভ্রমণ বন্ধ থাকবে। তবে, ব্যাংকের বহিঃবাংলাদেশ ভ্রমণ সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী স্বীয় ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মকর্তা-কর্মচারীগণ নিম্নোক্ত ক্ষেত্রে বহিঃবাংলাদেশ ভ্রমণ করতে পারবেন:-
  - (ক) নিজস্ব অর্থায়নে বিশেষ প্রয়োজনে ব্যক্তিগত উদ্দেশ্যে, পবিত্র হজ পালন ও বিশেষজ্ঞ চিকিৎসকের সুপারিশ থাকা সাপেক্ষে জরুরি চিকিৎসা গ্রহণ;
  - (খ) ব্যাংকে কর্মরত বিদেশী নাগরিকের নিজ দেশে গমন;
  - (গ) বিদেশী ব্যাংকের বাংলাদেশস্থ শাখায় কর্মরত কর্মকর্তাদের প্রধান কার্যালয়ে গমন;
  - (ঘ) বিদেশস্থ প্রতিসংগী ব্যাংকের সাথে ব্যবসায়িক সভায় অংশগ্রহণসহ দাপ্তরিক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এরূপ সভায় অংশগ্রহণ; এবং
  - (ঙ) বিদেশী আয়োজক সংস্থার সম্পূর্ণ অর্থায়নে পরিচালিত প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/স্টাডি ট্যুরে অংশগ্রহণ।
- ৪। এতদ্ব্যতীত, ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণ বিষয়ে প্রয়োজ্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৫। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ তারিখ: ২২ মে ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭ তারিখ: ২৩ মে ২০২২ এতদ্বারা রহিত করা হলো। তবে উল্লিখিত সার্কুলার লেটারদ্বয়ে বর্ণিত নির্দেশনার আওতায় ইতিপূর্বে গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে বলবৎ বলে গণ্য হবে।
- ৬। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০০৯৫